দৈনিক খবর ৪৬

তারিখ ... ২৯/৮/৯১ ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

# সহকারী অধ্যাপকদের পদোন্নতি হচ্ছে না কেন?

।। স্টাফ রিপোর্টার ।।

৬৯০ জন সহকারী অধ্যাপকের পদোন্নতির বিষয়টি এখনও ঝুলেই রয়েছে। রাষ্ট্রপতির চূড়ান্ত অনুমোদন ও শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চতর পদোন্নতি কমিটির সুপারিশ সত্ত্বেও সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ নিয়ে গড়িমসি করছে।

সূত্র জানায়, সিনিয়রিটি অনুযায়ী প্রথমে বিষয়ওয়ারী পদোন্নতি দেয়ার পর যে সকল বিষয়ের (যেমন বাংলা, পদার্থ বিদ্যা, রসায়ন ও অন্যান্য বিষয়ের) প্রবীণ সহকারী অধ্যাপকগণকে স্ব স্ব বিষয়ে পোস্ট না থাকার দরুন উপাধ্যক্ষ পদে নিয়োগ করে সমস্যার সমাধান করা হত, বর্তমানে উক্ত নিয়ম বাতিল করে প্রথমে সিনিয়রিটি হিসেবে উপাধ্যক্ষ পদে নিয়োগ দেখানো হয়েছে। তাতে বহু বিষয়ে সহকারী অধ্যাপকের পদ শূন্য পড়ে রয়েছে। পক্ষান্তরে বাংলা, পদার্থ, রসায়ন ইত্যাদি বিষয়ে পদের অভাবে অনেক প্রবীণ সহকারী অধ্যাপক বঞ্চিত হচ্ছেন। বর্তমান প্রণীত তালিকায় ৮৮৪ জনের নাম থাকলেও বর্ণিত অনিয়মের কারণে মাত্র ৭০১ জন পদোন্নতি পেতে যাচ্ছেন। অবশিষ্ট পদগুলো শূন্য থেকে যাবে। ক্যাডার সার্ভিসে উচ্চতর পদে সরাসরি নিয়োগের বিধান না থাকা সত্ত্বেও শিক্ষা ক্যাডারে উচ্চতর পদে ২০ ভাগ পদ সরাসরি নিয়োগের জন্য রাখা হয়েছে। উল্লেখ্য যে, গত ২০ বছর যাবৎ শতকরা ২০ ভাগ পদ সরাসরি নিয়োগের কথা বলে শূন্য করে রাখা হয়েছে। নিয়োগ কর্মকর্তাদের মতেই বর্তমানে ২২০টি পদ রিজার্ভ রয়েছে। প্রকৃতপক্ষে এই রিজার্ভ পদের সংখ্যা আরও অনেক বেশী হবে।

জানা গেছে, অনেককে মনগড়াভাবে ভূতাপেক্ষ সিনিয়রিটি দেয়া হয়েছে। যেমন বিদেশে কয়েক বছর লিয়েন নিয়ে চাকরি করে ফেরৎ আসার পর সহকারী অধ্যাপকের পদে যোগদানের কয়েক বছর পূর্ব থেকে সিনিয়রিটি পেয়েছেন। জাতীয়কৃত কলেজের শিক্ষক যাদের ইফেকটিভ সার্ভিসসহ সর্বমোট সরকারী চাকরি ১৬/১৭ বছর হয়েছে তারা পিএসসি কর্তৃক নিয়োগকৃত সরকারী কলেজের শিক্ষক যাদের সর্বমোট চাকরিকাল ২০ থেকে ২৪ বছর হয়েছে তালিকায় তাদের শীর্ষে রয়েছেন। কারণ জাতীয়কৃত কলেজের শিক্ষদেরকে ইফেকটিভ সার্ভিস ৭ বছর পূর্তি হলেই সরকারী অধ্যাপক করা হয়েছে। পক্ষান্তরে পি এস পি কর্তৃক নিয়োগকৃত সরকারী কলেজের শিক্ষকগণকে ১৯ থেকে ২০ বছর চাকরির পর সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেয়া হয়েছে। ক্যাডার সার্ভিসের নিয়ম অনুযায়ী সিনিয়রকে বাদ দিয়েজুনিয়রকে পদোন্নতি দেয়ার বিধান নেই। কিন্তু বর্তমান প্রণীত তালিকায় '৮০-'৮১ সালে পদোন্নতি প্রাপ্ত শিক্ষকদের পদোন্নতি বাদ দিয়ে '৮২/'৮৩ সালে পদোন্নতিপ্রাপ্ত শিক্ষকদের পদোন্নতি দেয়া হচ্ছে।